ফাতওয়া নাম্বার: ৫৭১ প্রকাশকালঃ১৪-০৭-২০২৫ ইং

ভালোবাসার পাত্রীর সঙ্গে বিয়ের জন্য কি দোয়া করা যাবে?

প্রশ্ন:

কাউকে ভালোবাসলে তাকে জীবনসঙ্গী হিসাবে পাওয়ার জন্য কি আল্লাহর কাছে দোয়া করা যাবে?

-মুহাম্মাদ কাওসার

উত্তর:

বিয়ে ছাড়া কাউকে ভালোবাসা জায়েয নয়, সম্পূর্ণ হারাম ও কবীরা গুনাহ। বিয়ে ছাড়া নারী-পুরুষের প্রেম ভালোবাসার সম্পর্ক যিনা হিসেবে গণ্য। এক মুহূর্তও বিলম্ব না করে এই ধ্বংসাত্মক গুনাহ থেকে তাওবা করে ফিরে আসুন। তারপর দোয়া করুন, আল্লাহ যেন একজন নেককার স্ত্রী দান করেন, যে স্ত্রী আনন্দ দিয়ে আপনার চক্ষু শীতল করবে। যেমন দোয়া কুরআনে কারীমে শেখানো হয়েছে:

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

-সূরা ফুরকান: ৭৬; সূরা বনি ইসরাঈল: ৩২; সূরা আনআম: ১৫১; সহীহ বুখারী: হাদীস নং ৬৬১২

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০১-১৪৪৭ হি.

০৩-০৭-২০২৫ ঈ.